

যুগান্তর

নিষিদ্ধ সময়ে ইলিশ বিক্রি চিংড়িতে জেলি পুশ

সাতকানিয়া (চট্টগ্রাম) প্রতিনিধি

১৬ অক্টোবর ২০২২, ০৮:২২ পিএম | [অনলাইন সংক্রান্ত](#)



চট্টগ্রামের সাতকানিয়ায় নিষিদ্ধ সময়ে ইলিশ বিক্রি ও চিংড়িতে জেলি পুশ করার অপরাধে তিন মাছ বিক্রেতাকে ১৫ হাজার টাকা জরিমানা করেছেন ভাম্যমাণ আদালত। একই সঙ্গে ৫৬ কেজি ইলিশ ও ৫ কেজি জেলিযুক্ত চিংড়ি জন্ম করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

এছাড়া অস্বাস্থ্যকর পরিবেশে খাবার দোকান পরিচালনার অপরাধে আরও দুই ব্যবসায়ীকে ১৩ হাজার টাকা জরিমানা করেন আদালত।

রোববার কেরানীহাট বাজারে উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা এ ভাম্যমাণ আদালত পরিচালনা করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা মৎস্য কর্মকর্তা সৈকত শর্মা ও সহকারী প্রশাসনিক কর্মকর্তা ফয়সাল আমির।

উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা বলেন , ইলিশ ধরা ও বিক্রি করা ৭ অক্টোবর থেকে বন্ধ রয়েছে। এ নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ বিক্রি ও ওজন বাড়াতে চিংড়িতে জেলি পুশ করায় তিন ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে। পরে জেলিযুক্ত চিংড়িগুলো মাটিতে পুঁতে ইলিশগুলো ৪টি এতিমখানায় বিতরণ করা হয়েছে। এছাড়া অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি করায় আরও দুই দোকানিকে ১৩ হাজার টাকা জরিমানা করা হয়। উপজেলা প্রশাসনের ভেজালবিরোধী এ অভিযান চলবে।